



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/28/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল অতিমারী জালিয়াতির বিরুদ্ধে ক্র্যাক ডাউন করার জন্য আইনী  
প্যাকেজে স্বাক্ষর করেছেন

**বিধি (A.1431/S.1120) জালিয়াতি অভিযোগকারী ব্যক্তিদের দেওয়া পুরস্কারের পরিমাণ  
বৃদ্ধি করেছে**

**বিধি (S.4954-C/A.9193-B) একটি ঘোষিত জরুরি অবস্থার সময়ে ঘটা জালিয়াতির  
জন্য শাস্তি বৃদ্ধি করে**

গভর্নর ক্যাথি হোকল আজ অতিমারী জালিয়াতির বিরুদ্ধে ক্র্যাক ডাউন করার জন্য একটি  
আইনী প্যাকেজ স্বাক্ষর করেছেন। জালিয়াতি রিপোর্ট করার জন্য পুরস্কার বৃদ্ধি করা এবং  
কোভিড-19 এর মতো অতিমারীর স্টেটের জরুরী অবস্থাতে ঘটে যাওয়া জালিয়াতির জন্য  
জরিমানা বৃদ্ধি করার মাধ্যমে, এই নতুন আইনগুলি ব্যক্তিদের এই অপরাধ করা থেকে বিরত  
রাখবে পাশাপাশি জালিয়াতির রিপোর্টিংকে উৎসাহিত করবে।

"আমরা একটি পরিষ্কার বার্তা পাঠাচ্ছি: জালিয়াতির প্রতি নিউইয়র্কের শূন্য সহনশীলতা রয়েছে,  
বিশেষ করে আমাদের সবচেয়ে সংকটময় সময়ে,"**গভর্নর হোকল বলেছেন.** "এই নতুন  
আইনগুলি নিউ ইয়র্কবাসীদের রক্ষা করবে এবং তাদের জালিয়াতির রিপোর্ট করতে ও  
পুনরুদ্ধারের প্রচেষ্টায় সহায়তা করতে তাদের উৎসাহিত করবে এবং সেই সাথে খারাপ  
কৃতকারীদের এবং জরুরী অবস্থাতে কোনো মুনাফা নেওয়ার জন্য তাদের প্রতারণামূলক প্রচেষ্টার  
বিরুদ্ধে ক্র্যাক ডাউন করতে সহায়তা করবে।"

বিধি (A.1431/S.1120) জরুরী অবস্থার সাথে সম্পর্কিত জালিয়াতির রিপোর্ট করেন এমন  
ব্যক্তিদের দেওয়া পুরস্কারের পরিমাণ বৃদ্ধি করেছে। কোভিড-19 অতিমারী জুড়ে, নিউ  
ইয়র্কবাসীরা স্টেটে সম্ভাব্য জালিয়াতিমূলক কাজ হতে দেখেছে। বর্তমানে, সাধারণ নাগরিকরা  
জালিয়াতি হওয়া অর্থ পুনরুদ্ধারে সহায়তা করার জন্য সরকারের পক্ষে দেওয়ানী মামলা দায়ের  
করতে পারে এবং উদ্ধারকৃত অর্থের একটি শতাংশ তাদের পুরস্কৃত করা হতে পারে। এই নতুন  
আইনের মাধ্যমে, জরুরী অবস্থার সময় জালিয়াতিটি করা হয়ে থাকলে জালিয়াতি-ফাঁসকারী  
অতিরিক্ত অর্থ পাওয়ার যোগ্য হতে পারেন।

**অ্যাসেসম্বলি সদস্য জেফরি ডিনোভিটজ বলেছেন,** "হারিকেন স্যান্ডি বা 11 সেপ্টেম্বরের মতো অন্যান্য জরুরী অবস্থার মতো, দ্রুত প্রতিক্রিয়া জানানোর প্রয়োজন জালিয়াতির অপরাধীদের জন্য সুযোগ তৈরি করে। একটি কুই ট্যাম জালিয়াতি-ফাঁসকারীর মামলা (qui tam whistleblower lawsuit) দায়ের করার মাধ্যমে, নাগরিকদের উদ্ধারকৃত অর্থের একটি শতাংশ প্রদান করা যেতে পারে। সরকারী তহবিল সীমিত, বিশেষ করে মহামারীর কারণে। এই আইনটি তহবিল পুনরুদ্ধার এবং অপরাধমূলক লেনদেন রোধে স্টেটকে সহায়তা করার জন্য তথ্য নিয়ে এগিয়ে আসার জন্য জালিয়াতি-ফাঁসকারীদের উৎসাহিত করে। এই বিধিটি স্বাক্ষর করে আইনে রূপান্তরিত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং স্টেট সেনেটে এটি পাস করানোর জন্য স্টেট সেনেটর কামিনস্কির কঠোর পরিশ্রমের প্রশংসা করি।"

বিধি (S.4954-C/A.9193) ঘোষিত জরুরী অবস্থার সময় ঘটা জালিয়াতির জন্য জরিমানা বৃদ্ধি করে। এই বিধি যে কোনো অংশীদারিত্ব, কর্পোরেশন, কোম্পানি, ট্রাস্ট বা অ্যাসোসিয়েশন বা ব্যক্তি যারা এই ধরনের জালিয়াতি করে তাদের উপর আর্থিক জরিমানা আরোপ করবে। নতুন আইন অ্যাটর্নি জেনারেলকে এই সত্তাগুলির বিরুদ্ধে দেওয়ানি শাস্তির জন্য ব্যবস্থা নেওয়ার ক্ষমতা প্রদান করে।

**অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস বলেছেন,** "অতিমারীর সর্বোচ্চ সময়, কঠিন সময়ের সুযোগ নেওয়ার চেষ্টা করে প্রতারকদের দ্বারা নিউ ইয়র্কবাসীরা প্রতারিত হয়েছিল। আমার অফিস স্ক্যামগুলি বন্ধ করতে, প্রয়োজনীয় পণ্যের মূল্য বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে এবং প্রতারিত গ্রাহকদের লক্ষ লক্ষ ডলার পুনরুদ্ধারের জন্য উল্লেখযোগ্য পদক্ষেপ নিয়েছে। এই নতুন আইনটি সেই সকল ব্যক্তি যারা নিউ ইয়র্কবাসীদের সুবিধা নেওয়ার চেষ্টাকারী করছে তাদেরকে অনুসরণ করার জন্য আমাদের ক্ষমতাকে শক্তিশালী করবে। নিউ ইয়র্কবাসীদের সুরক্ষার জন্য এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়ার জন্য আমি গভর্নর হোকল, সেনেটর মাইরি এবং অ্যাসেসম্বলি সদস্য রোজিককে সাধুবাদ জানাই।"

**স্টেট সেনেটর জেলনর মাইরি বলেছেন,** "এই নতুন আইনটি ভবিষ্যৎ জালিয়াতকারী এবং স্ক্যামারদের জন্য একটি স্পষ্ট বিবৃতি: আপনি যদি এই কঠিন সময়ে নিউ ইয়র্কের গ্রাহকদের সুবিধা নেন, তাহলে আপনার কৃতকর্মের খরচ অনেক বেশি হতে চলেছে। নিউ ইয়র্কবাসীরা ইতিমধ্যেই অতিমারী-সম্পর্কিত জালিয়াতির জন্য 80 মিলিয়নেরও মার্কিন ডলার বেশি হারিয়েছে এবং এই হোয়াইট-কলার অপরাধের জন্য ক্রমবর্ধমান জরিমানা তাদের এখন এবং ভবিষ্যতের সংকটের সময় প্রতিরোধ করতে সাহায্য করবে। আমি আমার পার্টনার অ্যাসেসম্বলি সদস্য নিলি রোজিকের কাছে এবং গভর্নরের কাছে আমাদের বিলকে স্বাক্ষর করে আইনে রূপান্তরিত করার জন্য কৃতজ্ঞ।"

**অ্যাসেসম্বলি সদস্য নিলি রোজিক বলেছেন,** "সঙ্কটের সময়ে, ভোক্তাদের জন্য স্ক্যাম ও জালিয়াতির ঝুঁকি বেশি থাকে। এই নতুন আইনটি নিশ্চিত করবে যে যারা সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ সময়ে নিউ ইয়র্কবাসীদের সুবিধা নেবে তাদের কঠোর শাস্তি দেওয়া হবে। এই গুরুত্বপূর্ণ বিধিটি স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

**নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি রবার্ট জে. রড্রিগজ বলেছেন,** "জালিয়াতি এবং অসাধু কৃতকারীদের থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা, বিশেষ করে জরুরী অবস্থাতে যখন বাসিন্দারা তাদের সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে থাকে, আমাদের ভোক্তা সুরক্ষা বিভাগ এবং নিউ ইয়র্ক স্টেটের একটি শীর্ষ অগ্রাধিকার। এই গুরুত্বপূর্ণ বিলগুলিকে স্বাক্ষর করে আইনে রূপান্তরিত করার জন্য এবং নিউইয়র্কের ভোক্তাদের প্রতি তার অব্যাহত প্রতিশ্রুতিবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418